

স্মারক নং-৪৬.০০.৭৮০০.০১৭.২৭.০০২.২০২০-৫১৫

তারিখ: ১৫ আষাঢ় ১৪২৮ বঙ্গাব্দ।  
২৯ জুন ২০২১ খ্রিষ্টাব্দ।


**প্রজ্ঞাপন**

যেহেতু, পটুয়াখালী জেলার বাউফল উপজেলার ০৬নং কনকদিয়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব মো: শাহিন হাওলাদার, সালিশ করতে গিয়ে ক্ষমতার অপব্যবহার করে ১৪ বছর ২ মাস ১৪ দিন বয়সের মোসা: নাজনিন আক্তার নামে এক অপ্রাপ্ত বয়স্ক কিশোরীকে বিয়ে করার অভিযোগ স্থানীয় তদন্তে প্রমাণিত হয়েছে এবং জেলা প্রশাসক, পটুয়াখালী বর্ণিত ইউপি চেয়ারম্যানের বিরুদ্ধে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন ২০০৯ অনুযায়ী ব্যবস্থা গ্রহণের সুপারিশ করেছেন;

যেহেতু, পটুয়াখালী জেলার বাউফল উপজেলার ০৬নং কনকদিয়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব মো: শাহিন হাওলাদার, সালিশ করতে গিয়ে ক্ষমতার অপব্যবহার করে ১৪ বছর ২ মাস ১৪ দিন বয়সের মোসা: নাজনিন আক্তার নামে এক অপ্রাপ্ত বয়স্ক কিশোরীকে বিয়ে করার অভিযোগ স্থানীয় তদন্তে প্রমাণিত হওয়ায় তাঁর দ্বারা ইউনিয়ন পরিষদে ক্ষমতা প্রয়োগ প্রশাসনিক দৃষ্টিকোণে সমীচীন নয় মর্মে সরকার মনে করে;

সেহেতু, পটুয়াখালী জেলার বাউফল উপজেলার ০৬নং কনকদিয়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব মো: শাহিন হাওলাদার কর্তৃক সংঘটিত অপরাধমূলক কার্যক্রম পরিষদসহ জনস্বার্থের পরিপন্থী বিবেচনায় এবং স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ধারা ৩৪(৪) (খ) ও (ঘ) অপরাধ সংঘটিত করায় ৩৪(১) অনুযায়ী উল্লিখিত ইউপি চেয়ারম্যানকে তাঁর স্থায় পদ হতে সাময়িক বরখাস্ত করা হলো।

০২। এ আদেশ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে জারী করা হলো এবং তা অবিলম্বে কার্যকর হবে।

  
২৯/৬/২০২১  
(মো: আবুজাফর রিপন পিএএ)  
উপসচিব  
ফোন: ৯৫৮৬৬০৫  
ইমেইল: Up1lgd@gmail.com

স্মারক নং-৪৬.০০.৭৮০০.০১৭.২৭.০০২.২০২০-৫১৫


তারিখ: ১৫ আষাঢ় ১৪২৮ বঙ্গাব্দ।  
২৯ জুন ২০২১ খ্রিষ্টাব্দ।

**বিতরণঃ (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে)**

- ১। জেলা প্রশাসক, পটুয়াখালী।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, বাউফল, পটুয়াখালী।
- ৩। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি স্থানীয় সরকার বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৪। জনাব মো: শাহিন হাওলাদার, চেয়ারম্যান (সাময়িক বরখাস্তকৃত), ০৬নং কনকদিয়া ইউনিয়ন পরিষদ, বাউফল, পটুয়াখালী।

**অনুলিপি (সদয় অবগতির জন্য):**

- ১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

  
২৯/৬/২০২১  
(মো: আবুজাফর রিপন পিএএ)  
উপসচিব